



HM Government

Grenfell
community

updates

Grenfell Tower community update: July 2026 - Bengali / বাংলা

গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) কমিউনিটি আপডেট: জুলাই 2026

আমরা বুঝি যে গ্রেনফেল টাওয়ার এর মর্মান্তিক ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের জন্য এর একটি গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই ভূমি পরিবারগুলোর কাছে পবিত্র।

টাওয়ারটি সতর্কতার সাথে নামিয়ে ফেলার কাজের বিষয়ে আমরা আপনাকে সময়ে সময়ে জানাতে চাই। এই আপডেটে আপনি নিচের বিষয়গুলো সম্পর্কে আরও জানতে পারবেন:

- পরিকল্পনার আবেদন
- টাওয়ারের র্যাপিং অর্থাৎ মোড়ক প্রতিস্থাপন করা
- ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য
- স্বাস্থ্য ও মানসিক সুস্থতা বিষয়ক সহায়তা
- আমাদের সাথে যেভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন

আপনি এই লিংকে গিয়ে আগের আপডেট দেখতে পারেন: www.gov.uk/grenfell-community-updates

টাওয়ারের র্যাপিং অর্থাৎ মোড়ক প্রতিস্থাপন করা

দুর্ঘটনার নবম বার্ষিকী সম্পন্ন হওয়ার পর গ্রেনফেল হার্ট ব্যানারগুলো সাবধানে টাওয়ার থেকে নামিয়ে নেওয়া হয়েছে এবং সেগুলো নিরাপদে স্টোর করা হচ্ছে। আবহাওয়ার হাত থেকে টাওয়ারটিকে রক্ষা করার জন্য ব্যানারের পেছনে যে সাদা র্যাপিং অর্থাৎ মোড়কটি ছিল, এখন সেটি প্রতিস্থাপন করা হচ্ছে।

পরিকল্পনার আবেদন

গ্রেনফেল টাওয়ারটি সাবধানে ভেঙে ফেলার কাজ গত বছর পারমিটেড ডেভেলপমেন্ট অর্থাৎ অনুমোদিত উন্নয়ন নামক এক ধরনের পরিকল্পনা অনুমতির অধীনে শুরু হয়েছিল, যার মেয়াদ 12 মাস। বাকি কাজের জন্য, আমরা ক্রাউন ডেভেলপমেন্ট পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি আবেদন জমা দিয়েছি। এটি এই প্রক্রিয়ার একটি সাধারণ পরবর্তী পদক্ষেপ এবং এর ফলে কাজ যেভাবে পরিচালনা করা হচ্ছে তাতে কোনো পরিবর্তন আসবে না।

আপনি এখানে আবেদনটি পড়তে পারবেন:

CROWN/2026/0000003 - ডকুমেন্ট – ক্রাউন ডেভেলপমেন্ট অ্যাপ্লিকেশন খুঁজুন

এই প্রক্রিয়াটি পরিকল্পনার আবেদন থেকে সম্পূর্ণ আলাদা, যা গ্রেনফেল টাওয়ার মেমোরিয়ালের জন্য এই বছরের শেষের দিকে পেশ করা হবে এবং এটি ফ্রিহাউস (Freehaus)-এর পরিচালনায় কমিউনিটি-চালিত ডিজাইন প্রক্রিয়ার পর জমা দেওয়া হবে।

ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য

সরকার গ্রেনফেল টাওয়ারের সমস্ত কাজ সর্বোচ্চ মান অনুযায়ী সম্পন্ন করতে প্রতিশ্রুতিবদ্ধ। স্থানীয় জনগন এবং সাইটে কর্মরত কর্মীদের নিরাপত্তা ও সার্বিক মঙ্গল আমাদের কাছে সবসময়ই অগ্রাধিকার পাবে। সাইটে বিশেষ মনিটর স্থাপন করা হয়েছে যা ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রার লাইভ তথ্য সংগ্রহ করছে। এই তথ্যগুলো প্রতি মাসে প্রকাশ করা হয়। সর্বশেষ রিপোর্টগুলো দেখতে নিচের লিঙ্কগুলোতে ক্লিক করুন:

[ধুলোবালি পর্যবেক্ষণ রিপোর্ট 4 মে থেকে 31 মে 2026](#)

[কম্পন পর্যবেক্ষণ রিপোর্ট 4 মে থেকে 31 মে 2026](#)

[শব্দ পর্যবেক্ষণ রিপোর্ট 4 মে থেকে 31 মে 2026](#)

কাজ চলাকালীন সময়ে ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) গ্রেনফেল টাওয়ারের আশেপাশের এলাকার বায়ুর মান মূল্যায়ন এবং পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। সংস্থাটি প্রতি মাসে তাদের রিপোর্টগুলো প্রকাশ করে থাকে। আপনি সর্বশেষ রিপোর্টটি এখানে গিয়ে দেখতে পারেন:

[গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের পর পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK](#)

স্বাস্থ্য ও মানসিক সুস্থতা বিষয়ক সহায়তা

আপনি যদি কারও সাথে কথা বলতে চান, তবে গ্রেনফেল স্বাস্থ্য ও সুস্থতা পরিষেবা হলো শিশু এবং প্রাপ্তবয়স্কদের জন্য একটি বিনামূল্যের ও গোপন ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) পরিষেবা। গ্রেনফেল টাওয়ারটি অত্যন্ত সতর্কতার সাথে সরিয়ে ফেলার এই পুরো কাজটা চলাকালীন শোকসন্তপ্ত পরিবার, উত্তরজীবী এবং নিকটস্থ এলাকার বাসিন্দাদের জন্য সহায়তা অব্যাহত থাকবে। আপনি যদি কারো সাথে কথা বলতে চান, তবে আপনি নিচের মাধ্যমগুলো ব্যবহার করতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিয়িং সার্ভিসে 020 8637 6279 নম্বরে কল করুন (প্রতিদিন সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত)
- যেকোনো জরুরি প্রয়োজনে নিচের নম্বরে সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন ন্যাশনাল হেলথ সার্ভিস ফাউন্ডেশন ট্রাস্টের সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন (CNWL)-এর সিঙ্গেল পয়েন্ট অফ অ্যাকসেস অ্যাডভাইস লাইনে কল করুন: 0800 0234 650 (সপ্তাহে সাত দিন ও দিনে 24 ঘণ্টা খোলা থাকে)।
- ইমেল করুন: grenfell.wellbeing@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk ওয়েবসাইটে যান।

বর্তমানে উপলভ্য সেবাগুলো সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে ভিজিট করুন: www.grenfell.nhs.uk

আমাদের সাথে যেভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন

আমরা আপনার জন্য সহায়ক উপায়ে তথ্যগুলো জানাতে চাই। আমরা এখানে নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করতে থাকবো: www.gov.uk/grenfell-community-updates

আমাদের এই অ্যাড্রেসে ইমেল করুন: GrenfellTowerSite@communities.gov.uk এখানে:

- আমাদের সাথে অথবা গ্রেনফেল টাওয়ার সাইটের প্রধান কন্ট্রাক্টর ডিকনস্ট্রাক্ট ইউকে (DCUK)-এর সাথে কথা বলার ব্যবস্থা করুন।
- টাওয়ারটি সাবধানে ভেঙে ফেলার কাজের বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের জিজ্ঞাসা করতে পারেন অথবা যেকোনো উদ্বেগের কথা জানাতে পারেন।
- আমাদের নিয়মিত আপডেটগুলো সরাসরি আপনার ইমেলে পেতে আমাদের জানান।
- আপনি চাইলে আপনার সাথে আমাদের যোগাযোগ এবং কথপকথনের মাধ্যমগুলো নিয়ে আপনার মতামত আমাদের সাথে শেয়ার করতে পারেন। আমরা আপনার মতামত জানার জন্য আগ্রহী।

গ্রেনফেল টাওয়ার সংক্রান্ত সর্বশেষ আপডেট পেতে এবং ইমেইল নোটিফিকেশনের জন্য সাইন-আপ করতে এই লিংকে যান: www.gov.uk/grenfell-community-updates অথবা QR কোড স্ক্যান করুন।



গ্রেনফেল টাওয়ার সাইট ম্যানেজমেন্ট টিম,
আবাসন, জনবসতি ও স্থানীয় সরকার মন্ত্রক